

প্রোফাইল



নৌপরিবহণ মন্ত্রণালয়ের উপসচিব ফাহিমদা আখতার বিসিএস ১৫তম ব্যাচের ইকনমিক ক্যাডারের কর্মকর্তা হিসেবে ১৯৯৫ সালে বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদান করেন। গত ১৭ মে ২০১৫ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে পরিকল্পনা কমিশন ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের বিভিন্ন দায়িত্বে তার দুই দশকের কাজের অভিজ্ঞতা রয়েছে।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিষয়ে বি.এস.এস ও এম. এস. এস কোর্সে অধ্যয়ন করেন। পরবর্তীতে তিনি উইলিয়ামস্ কলেজ, যুক্তরাষ্ট্র হতে উন্নয়ন অর্থনীতি বিষয়ে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। তিনি বিভিন্ন সরকারি কাজে যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া ও এশিয়ার কয়েকটি দেশ সফর করেছেন।

তার নিজ জেলা নড়াইল। বিবাহিত জীবনে তিনি এক পুত্র ও এক কন্যা সন্তানের জননী।